

# যুগান্তর

## এক যুগে পা রাখল বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

প্রকাশ : ১৩ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



বেরোবি প্রতিনিধি

এক যুগে পা রাখল বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (বেরোবি)। নানা আয়োজনের মধ্য দিয়ে শনিবার দিনব্যাপী ১১তম প্রতিষ্ঠাবর্ষিকী উদযাপন করা হয়েছে। সকাল ১০টায় জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলনের মধ্য দিয়ে কর্মসূচি উদ্বোধন করেন তিসি প্রফেসর ড. নাজমুল আহসান কলিমউল্লাহ। দুর্গাপূজা উপলক্ষে বিশ্ববিদ্যালয় বন্ধ থাকায় দুদিনের কর্মসূচি গ্রহণ করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। বুধবার শোভাযাত্রা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে।

সকালে প্রশাসনের পক্ষ থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মহীয়সী নারী বেগম রোকেয়ার প্রতিকৃতিতে শুদ্ধার্ঘ্য নিবেদন করেন তিসি। এরপর বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীকে নিয়ে বিশ্ববিদ্যালয়ের জন্মদিনের কেক কাটেন এবং প্রশাসনিক ভবনের সামনে বৃক্ষরোপণ করেন।

বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন কমিটির সদস্য সচিব তাবিউর রহমান প্রধানের সঞ্চালনায় ক্যাম্পাস রেডিওতে বিশেষ আলোচনায় অংশ নেন তিসি এবং বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন কমিটির আহ্বায়ক প্রফেসর ড. মো. মোরশেদ হোসেন। এছাড়াও বাদ জোহর কেন্দ্রীয় মসজিদে দোয়া মাহফিলেরও আয়োজন করা হয়।

তিসি শুভেচ্ছা বক্তব্যে বিশ্ববিদ্যালয় পরিবারের সবাইকে অভিনন্দন জানান। তিনি বলেন, শিক্ষা কার্যক্রমকে সেশনজটমুক্ত করার অনেক পদক্ষেপ, নতুন অনুষদ চালুকরণের উদ্যোগ, উল্লেখযোগ্য সংখ্যক জার্নাল বাংলা এবং ইংরেজি ভাষায় প্রকাশ, শিক্ষার্থীদের জন্য নতুন পরিবহন সুবিধা চালু করা হয়েছে।

সবকিছু মিলে বিশ্ববিদ্যালয়টিকে অঞ্চল ও দেশের গাণ্ডি পেরিয়ে আন্তর্জাতিকপর্যায়ে নিয়ে যাওয়া আমাদের মূল লক্ষ্য।

কর্মসূচিগুলোতে ছিলেন গণিত বিভাগের প্রফেসর ড. আরএম হাফিজুর রহমান, অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের সহকারী অধ্যাপক মো. শাহীনুর রহমান, প্রষ্টর (চলতি দায়িত্ব) মো. আতিউর রহমান, আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. নাজমুল হক, গবেষণা ও সম্প্রসারণের পরিচালক ড. মো. নজরুল ইসলাম, ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক ড. মো. নূর আলম সিদ্দিক প্রমুখ।

---

**ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম**

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএআর : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞপ্তি : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার  
বেআইনি।